

নবম ও দশম শ্রেণিবাংলা ১ম পত্রস্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলোজ্ঞানযুক্ত:

১. নির্মলেন্দু গুণের দুটি কাব্যগ্রন্থের নাম লিখ ।
২. কবিতা শোনার জন্য লোহার শ্রমিকরা কীভাবে এসেছিল?
৩. কবিতা শোনার জন্য কৃষকরা কীভাবে এসেছিল?
৪. কবিতা শোনার জন্য মধ্যবিত্তরা কীভাবে এসেছিল?
৫. কার মত দৃঢ় পায়ে কবি জনতার মধ্যে দাঁড়িয়েছিলেন?
৬. ‘গণসূর্যের মঞ্চ’ বলতে কী বোঝানো হয়েছে?
৭. ‘উন্নাত’ শব্দের অর্থ কী?
৮. ‘কখন আসবে কবি?’ - এই অধীর অপেক্ষা কাদের?
৯. ৭ই মার্চ জনসভায় আসা মধ্যবিত্তের হাতে কী ছিল?
১০. সেদিনের শিশু পার্কের মাঠ কীসে ঢাকা ছিল?
১১. নির্মলেন্দু গুণ রচিত নিচের কোনটি শিশুতোষ উপন্যাসের নাম লিখ ।
১২. বঙ্গবন্ধুর অমর ঘোষণার মাধ্যমে কী প্রকাশিত হয়েছে?
১৩. ‘বিমুখ প্রান্তরে’ অর্থ কী?
১৪. বঙ্গবন্ধু ১৯৭১ সালের মার্চের কত তারিখে অমর বাণিটি উচ্চারণ করেন?
১৫. কখন থেকে উদ্যান অভিযুক্তে লোকজন আসতে শুরু করেছিল?

দুলিতেছে তরী, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ
ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মত?
কে আছে জোয়ান, হও আগুয়ান, হাঁকিছে ভবিষ্যৎ,
এ তুফান ভারি, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার!

- ক) সব স্মৃতি মুছে দিতে কী উদ্যত?
- খ) ‘চেকে দেয়া এই ঢাকার হৃদয় মাঠখানি’- বলতে কী বোঝানো হয়েছে?
- গ) উদ্দীপকটিতে ‘স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো’- কবিতার কোন দিকটি উন্মোচিত হয়েছে?
- ঘ) “উদ্দীপকটি ‘স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো’- কবিতার সমগ্রভাবকে ধারণ করেনি”-মূল্যায়ন করো ।